

# কুয়েটে ভিসি নিয়োগের দাবিতে মানববন্ধন

খুলনা প্রতিনিধি

২৪ জুলাই ২০২৫, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদের সময়



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) চলমান অচলাবস্থা নিরসন এবং দ্রুত শিক্ষা কার্যক্রম চালুর জন্য অন্তিবিলম্বে ভাইস চ্যাস্পেলর (ভিসি) নিয়োগের দাবিতে মানববন্ধন হয়েছে। শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের যৌথ উদ্যোগে বুধবার বেলা ১১টায় কুয়েটের দুর্বার বাংলা চতুরে এ কর্মসূচি পালিত হয়।

মানববন্ধনে সভাপতিত করেন কুয়েট শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মো. সাহিদুল ইসলাম। বক্তৃতা করেন সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো. ফারুক হোসেন, ড. মো. রফিকুল ইসলাম, ড. সুলতান মাহমুদ, অভিভাবক বিধি আক্তার, শিক্ষার্থী মো. সায়েম।

শিক্ষার্থী সায়েম বলেন, আমরা ক্লাস ও পরীক্ষায় ফিরতে চাই। এ জন্য দ্রুত উপাচার্য প্রয়োজন।

প্রফেসর ড. মো. ফারুক হোসেন বলেন, ‘গত ফেব্রুয়ারি থেকেই কুয়েট অভিভাবকহীন। এখন আমরা নিরপায়। দ্রুত পদক্ষেপ প্রয়োজন। ছাত্র, শিক্ষক ও অভিভাবকই সবাই মিলেই আমরা উপাচার্য নিয়োগ দেওয়ার দাবি জানাচ্ছি।’

সভাপতি সাহিদুল ইসলাম বলেন, ‘সবাই ক্লাস চালুর পক্ষে; কিন্তু এখন সমস্যা হচ্ছে ক্লাস চালু করতে উপাচার্যের নির্দেশনা প্রয়োজন। এ কারণে দ্রুত সময়ের মধ্যে উপাচার্য নিয়োগ প্রয়োজন।’